

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৩০ জুমু'আর আযান - ১৪৫. জুমু'আর সালাতের ওয়াক্ত শুরু হলে যে আযানটি দেওয়া হয় এটি কখন কিভাবে চালু হয়?

ইমাম মিম্বরে বসলে মসজিদের ভিতরে যে আযানটি দেওয়া হয় এটাই মূলত জুমু'আর প্রথম আযান। রাসূলুল্লাহ (সা.)-এর যামানা থেকে খলীফা উমর (রা.)-এর যামানা পর্যন্ত এভাবেই চালু ছিল। পরবর্তীতে লোকসংখ্যা বৃদ্ধি পাওয়ায় খলীফা উসমান (রা.)-এর যামানায় জুমু'আর ওয়াক্ত শুরু হলে খুৎবার অনেক আগে মসজিদের বাইরে তিনি আরেকটি আযান দেওয়ার রেওয়ায় শুরু করেন মদীনায় যাওরা নামক স্থান থেকে ৯১২, ৯১৬)। যেহেতু এটা পরবর্তীতে অতিরিক্ত হিসেবে যোগ করা হয় সেজন্য বর্তমানে খুবার পূর্ববর্তী আযানকে জুমু'আর দ্বিতীয় আযান বলা হয়। উল্লেখ্য যে, খুলাফায়ে রাশেদার আমলে যেসব হুকুম আহকাম প্রবর্তিত হয়েছে তা শরীআতসম্মত। রাসূলুল্লাহ (সা.)-এর নির্দেশ দ্বারা সেগুলো স্বীকৃত। কাজেই এগুলোকে বিদ্আত বলা যাবে না। (আবু দাউদ: ৪৬০৭)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13044

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন